

সমকালে

রোববার ঢাবির ক ও চ ইউনিটের ফল প্রকাশ

১৯ অক্টোবর ২০১৯

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৯-২০ শিক্ষাবর্ষে বিজ্ঞান অনুষদভুক্ত ক-ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি এবং চারকলা অনুষদভুক্ত চ-ইউনিটের ১ম বর্ষ বিএফএ (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফল রোববার দুপুর সাড়ে ১২টায় প্রকাশ করা হবে। শনিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের এ তথ্য জানিয়েছে।

ঢাবির উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে এই দুই ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করবেন। ক-ইউনিটের ভর্তি পরীক্ষা গত ২০ সেপ্টেম্বর এবং চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) গত ১৪ সেপ্টেম্বর ও (অংকন) ২৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়।